



মুজিব MUJIB
শতবর্ষ 100



মুজিব MUJIB
শতবর্ষ 100

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী
উদযাপন উপলক্ষে সারা দেশে মুজিব বর্ষ উদ্বোধনের

ক্ষণগণনা উৎসব
এবং

মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

- তারিখ : ১০ জানুয়ারি, ২০২০
- সময় : দুপুর ২:৪৫ টা
- স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।




উপজেলা প্রশাসন, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

সুধী,

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ১০ জানুয়ারি ২০২০ রোজ শুক্রবার সারাদেশে মুজিববর্ষ উদ্বোধনের ক্ষণগণনা কার্যক্রমের উদ্বোধন হবে। আগামী ১০ জানুয়ারি ২০২০ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে তেজগাঁও পুরাতন বিমানবন্দরে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ক্ষণগণনার শুভ উদ্বোধন করবেন। সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানটি আগামী ১০ জানুয়ারি ২০২০ দুপুর ২.৪৫ ঘটিকায় নবীনগর উপজেলা পরিষদ সভাকক্ষে প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শিত হবে। উল্লেখ্য, নবীনগর উপজেলা পরিষদ প্রাপ্ত ও এ ধরনের ক্ষণগণনা ডিভাইসটি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পর্যায়ে উদ্বোধনের সাথে সাথে নবীনগরে স্থাপিত ক্ষণগণনা কার্যক্রমের উদ্বোধন হবে।

তাছাড়া, বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক আয়োজিত দেশব্যাপী জনসচেতনতামূলক কর্মসূচিতে জাতির পিতার উন্নয়ন দর্শন ও চলমান উন্নয়ন কার্যক্রমে তৃণমূল জনগোষ্ঠীর অধিকতর সম্পৃক্ততার জন্য আগামী ১১ জানুয়ারি ২০২০ তারিখ রোজ শনিবার উপজেলা প্রশাসন, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক জাতীয় অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে দিনব্যাপী বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। (অনুষ্ঠান সূচি সংযুক্ত)।

জাতীয় অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে উপজেলা প্রশাসন, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক আয়োজিত দুই দিনব্যাপী (১০ ও ১১ জানুয়ারি ২০২০) সকল কর্মসূচিতে আপনি/আপনাদের উল্লিখিত অনুষ্ঠানসমূহে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।


০৭/০১/২০২০
(মোহাম্মদ মাসুম)

উপজেলা নির্বাহী অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

প্রাপক,

জনাব নবীনগর উপজেলায় -
স্বদেশ প্রত্যাবর্তন - জনসংগঠন

৩
সম্মানিত শ্রী সুর্যবন্দ

অনুষ্ঠান সূচি:

১০ জানুয়ারি ২০২০ এর কর্মসূচি

সময়	অনুষ্ঠান	স্থান	বাস্তবায়নে
বিকাল ২:৪৫ মি.	ফকরণা উৎসবের সরাসরি সম্প্রচারিত উদ্বোধনী অনুষ্ঠান প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন।	উপজেলা পরিষদ সভা কক্ষ	উপজেলা প্রশাসন, নবীনগর।
বিকাল ৪:৩০ মি.	মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।	উপজেলা পরিষদ সভা কক্ষ	উপজেলা শিল্পকলা একাডেমি, নবীনগর

১১ জানুয়ারি ২০২০ এর কর্মসূচি

সময়	অনুষ্ঠান	স্থান	বাস্তবায়নে
সকাল ১০:০০ টা	সকল শ্রেণি পেশার মানুষকে নিয়ে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা।	উপজেলা পরিষদ প্রাঙ্গণ হতে নবীনগর সরকারি উচ্চ বিদ্যালয় পর্যন্ত	উপজেলা প্রশাসন, নবীনগর ও ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি লি:।
সকাল ১১:০০ টা	বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্থিরচিত্র প্রদর্শনী।	নবীনগর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ।	উপজেলা প্রশাসন, নবীনগর ও ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি লি:।
বেলা ১১:৩০ - ১২:৩০ টা	"বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন" শীর্ষক আলোচনা সভা।	নবীনগর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ।	উপজেলা প্রশাসন, নবীনগর ও ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি লি:।
বেলা ২:৩০- ৪:০০ টা	"বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতা।	উপজেলা পরিষদ সভা	উপজেলা শিক্ষা অফিসার, নবীনগর
বিকাল ৪:৩০- ৫:১৫ টা	মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।	নবীনগর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ।	উপজেলা প্রশাসন ও উপজেলা শিল্পকলা একাডেমি, নবীনগর
সন্ধ্যা ৬:০০- রাত ৮:৫৬ টা	ঢাকায় আয়োজিত "অপ্রতিরোধ্য অগ্নযাত্রায় বাংলাদেশ" এর মূল কনসার্ট সরাসরি সম্প্রচার	নবীনগর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে।	উপজেলা প্রশাসন, নবীনগর ও ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি লি:।
রাত ৮:৫৭- ০৯:০২ টা	বর্ণিল আতশবাজি প্রদর্শন (সকল উপজেলায় একযোগে)।	--	উপজেলা প্রশাসন, নবীনগর ও ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি লি:।

০৭/০১/২০২০

মোহাম্মদ মাসুদ
উপজেলা নির্বাহী অফিসার

ও
নির্বাহী ম্যাজিস্ট্রেট
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।